

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
পরিবহন ভবন
২১, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।

বাস/ট্রাক চালক (অপারেটর) নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)-এর অধীনে অস্থায়ী ভিত্তিতে বাস ও ট্রাকের জন্য কিছু সংখ্যক চালক-এর শূন্য পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	বয়স	প্রয়োজনীয় যোগ্যতা	মন্তব্য
১.	বাস/ট্রাক চালক (অপারেটর গ্রেড-সি)	মোট: ৯৯ (মুক্তি যোদ্ধা কোটা-৫৪ ও সাধারণ কোটা-৪৫)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৬ গ্রেড: টাকা ৯৩০০-২২৪৯০/- ও বিধি মোতাবেক অন্যান্য আর্থিক সুবিধা	অনুর্ধ্ব ৩২ বছর (২৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখে)	১। অষ্টম শ্রেণি পাশ হতে হবে। ২। আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং গাড়ি চালনায় কমপক্ষে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ৩। আবেদনকারী প্রাথমিকভাবে নির্বাচিত হওয়ার পর তাকে বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর থেকে ভারী যান চালনার উপর কমপক্ষে ১৫(পনের) দিনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে; ৪। বিধি মোতাবেক হেভী ড্রাইভিং লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে; ৫। এ প্রক্রিয়ায় বিআরটিসি'তে যারা নিয়োগ পাবেন তাদেরকে বাধ্যতামূলকভাবে বিআরটিসি'তে ১০(দশ) বছর চাকরি করতে হবে। ৬। যানবাহনের প্রাথমিক মেরামত, রুটিন রক্ষণাবেক্ষণ এবং খুচরা যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান থাকতে হবে। ৭। পরিযান বিধি এবং মহাসড়ক সম্পর্কে অবশ্যই জ্ঞান থাকতে হবে। ৮। প্রার্থীকে মেডিকেল টেস্ট ও ড্রাইভিংসহ অন্যান্য টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। ৯। কোন প্রার্থীর আবেদনে ভুল, মিথ্যা তথ্য থাকলে বা কোন তথ্য গোপন করলে এবং কোন প্রকার তদবির বা অনাকাঙ্ক্ষিত প্রভাব সৃষ্টি করলে তিনি নিয়োগের অযোগ্য বিবেচিত হবেন।	বরিশাল বিভাগের (বরিশাল, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, ঝালকাঠী ও বরগুনা জেলার) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

২। আবেদনপত্র প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা (মোবাইল/ফোন নম্বর উল্লেখসহ), জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্রের অথবা জন্ম নিবন্ধন সনদের নম্বর, অভিজ্ঞতা উল্লেখ এবং তারিখ ও স্বাক্ষরসহ নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; (খ) জাতীয় পরিচয় পত্রের বা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি; (গ) শিক্ষাগত যোগ্যতার ফটোকপি; (ঘ) অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি (অভিজ্ঞতা সনদের সাথে ড্রাইভিং লাইসেন্স প্রথম ইস্যুর তারিখ মিলিয়ে অভিজ্ঞতার সময় গণনা করা হবে); (ঙ) আবেদনকারীর ড্রাইভিং লাইসেন্সের ২(দুই) কপি স্পষ্ট সত্যায়িত ফটোকপি; (চ) চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র, সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত); (ছ) নাগরিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত); (জ) 'চেয়ারম্যান বিআরটিসি' পরিবহন ভবন ২১, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০ বরাবরে যে কোন বাণিজ্যিক ব্যাংক হইতে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে; (ঝ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনে উল্লেখসহ ঐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত কপি, সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জন্ম তারিখের প্রমাণপত্র, মুক্তিবার্তা, গেজেটের কপি যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। তাছাড়া, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট, মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের প্রত্যয়ন আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যান্য কোটায় আবেদন করলে আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণাদি উল্লেখ করতে হবে। আবেদনপত্র ও সংযুক্ত কাগজপত্রের অস্পষ্ট কপি গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্র আগামী ২৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না। শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক নির্ধারিত কোটা ও অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে। উল্লেখ্য, কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি অনুযায়ী কোটার কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হলে সে সকল পদ মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের মধ্য হতে পূরণ করা হবে। আবেদনপত্রের খামের উপর পদের নাম, প্রার্থীর নিজ জেলার নাম এবং মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটায় আবেদন করলে তা উল্লেখ করতে হবে।



(মোঃ হামিদুর রহমান)

পরিচালক (প্রশাঃ ও অপাঃ)

বিআরটিসি।